**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 17.03.2025** **Desk in Charge : SDG**
**Time : 7.35 A.M.** **Compiling & NR – S. BASU**
**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ তিন দিন বিরতির পর বিধানসভায় চলতি বাজেট অধিবেশন আজ থেকে আবার শুরু হচ্ছে।

২/ 'প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিম'-এর জন্য কলকাতায় একটি সহায়তা কেন্দ্র স্থাপন করবে কেন্দ্রীয় সরকার।

৩/ পথ দুর্ঘটনার কারণ বিশ্লেষণ করে পুনরাবৃত্তি ঠেকাতে এবং ক্ষতিপূরণের প্রক্রিয়ায় গতি আনতে রাজ্য সরকার, বিশেষ কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছে।

৪/ ইফতারের অনুষ্ঠানে যোগ দিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ফুরফুরা শরিফে যাচ্ছেন।

৫/ সুপ্রিম কোর্টে আজ RG KAR মামলার শুনানি।

৬/ রাজ্যের কয়েকটি জেলায় গতসন্ধ্যায় ঝড় বৃষ্টির প্রেক্ষিতে কিছুটা স্বস্তি মিললেও আগামী দু'দিন তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

************************************************************************

তিন দিন বিরতির পর আজ রাজ্য বিধানসভায় বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব ফের শুরু হচ্ছে।

আজ প্রথমার্ধে প্রশ্নোত্তর, উল্লেখ পর্ব এবং দ্বিতীয়ার্ধে পুর ও নগরোন্নয়ন দপ্তরের আগামী অর্থবর্ষের বাজেট বরাদ্দের উপর আলোচনা হবে।

আগামীকাল বিদ্যালয় ও উচ্চ শিক্ষা দপ্তরের বাজেট নিয়ে তিন ঘন্টা আলোচনার কার্যসূচী রয়েছে।

বুধবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর এবং বৃহস্পতিবার অর্থবিল ও ব্যয় বরাদ্দ সংক্রান্ত বিলের উপরে আলোচনা হবে।

*****************************

'প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিম' PMIS-এর জন্য কলকাতায় একটি সহায়তা কেন্দ্র স্থাপন করবে কেন্দ্রীয় সরকার। কর্পোরেট বিষয়ক মন্ত্রক এবং বণিক সংঘ–CII এর যৌথ উদ্যোগে এটি গড়ে উঠবে। CII বর্তমানে ৪৭টি মডেল কেরিয়ার সেন্টার পরিচালনা করে। তারাই PMIS সেলগুলিকে একত্রিত করে প্রার্থীদের প্রয়োজনীয় দিশা নির্দেশ দেবে।

উল্লেখ্য, কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ 'প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিম' PMIS-এর জন্য একটি বিশেষ অ্যাপ্লিকেশন চালু করতে চলেছেন। এই উদ্যোগের লক্ষ্য হল - প্রকল্পটিতে অংশগ্রহণ বৃদ্ধি এবং আবেদন করার প্রক্রিয়া আরো সহজ করা।

৩১শে মার্চ পর্যন্ত প্রার্থীরা 'প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিমে'র জন্য আবেদন করতে পারবেন।

*****************************

পথ দুর্ঘটনার কারণ বিশ্লেষণ করে পুনরাবৃত্তি ঠেকাতে এবং ক্ষতিপূরণের প্রক্রিয়ায় গতি আনতে রাজ্য সরকার, বিশেষ কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছে।

রাজ্য ও জেলা স্তরে এই কমিটি গঠন করা হবে। পূর্ত, স্বাস্থ্য, পরিবহন, পুলিশের আধিকারিক এবং বিমা সংস্থার প্রতিনিধিরা কমিটিতে থাকবেন। প্রতিটি জেলায় জেলাশাসকের নেতৃত্বে একই রকমের কমিটি তৈরি করা হবে। কলকাতা পুর এলাকায় KMDA-এর একজন সদস্যকে কমিটিতে রাখার সুপারিশ করা হয়েছে।

আগামী আর্থিক বছরের প্রথম থেকেই এই কমিটি কাজ শুরু করবে বলে পরিবহন দফতর সূত্রে জানা গেছে। প্রতি মাসে নিয়ম করে এই কমিটিগুলি বৈঠকে বসবে। পথ দুর্ঘটনায় আহত অথবা নিহতদের পরিবারকে যাতে দ্রুত ক্ষতিপূরণ দেওয়া যায়, সেই বিষয়ে উদ্যোগী হবে এই কমিটি।

**********************

ইফতারের অনুষ্ঠানে যোগ দিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ফুরফুরা শরিফে যাচ্ছেন। উন্নয়ন প্রসঙ্গে ভাঙড়ের বিধায়ক তথা ফুরফুরা শরিফের পীরজাদা নওশাদ সিদ্দিকির সঙ্গে মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক বৈঠকের প্রেক্ষিতে এই সফর তাৎপর্যপুর্ণ বলে মনে করা হচ্ছে। রমজান মাস উপলক্ষ্যে ফুরফুরা শরিফে সরকারি উদ্দ্যোগে ইফতার সমাবেশের আয়োজন করা হয়েছে। পাশাপাশি এই সফরে পীরজাদা ত্বহা সিদ্দিকির সঙ্গেও তাঁর বৈঠক হতে পারে।

প্রসঙ্গত, তৃণমূল কংগ্রেস ক্ষমতায় আসার পর এই নিয়ে তৃতীয়বার মুখ্যমন্ত্রী ফুরফুরা শরিফে যাচ্ছেন।

**********************

নতুন রাজ্য সভাপতি নির্বাচনের জন্য বিজেপি প্রস্তুত। কেন্দ্রীয় নেতৃত্বই এব্যাপারে শেষ কথা বলবে বলে জানিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

বিধাননগরে গতকাল দলীয় কার্যালয়ে উচ্চ পর্যায়ের এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। যোগ দেন কেন্দ্রীয় পর্যবেক্ষক মঙ্গল পান্ডে, অমিত মালবিয়া, লকেট চট্টোপাধ্যায়, অমিতাভ চক্রবর্তী, জগন্নাথ চট্টোপাধ্যায় প্রমুখ। রাজ্যের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি, বিজেপির সাংগঠনিক বিভিন্ন বিষয় নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে বলে সূত্রের খবর। এপ্রসঙ্গে বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায় বলেন, দেশের অন্যান্য অংশের সঙ্গে এরাজ্যেও বিজেপির সাংগঠনিক নানা প্রক্রিয়া চলেছে। এদিনের বৈঠক তারই অঙ্গ।

( বাইট- লকেট )

এদিকে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ, এমাসের ২৯ তারিখ কলকাতায় আসতে পারেন। ৩০ তারিখ তিনি সাংগঠনিক বৈঠক করবেন বলে জানিয়েছেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার।

তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বিজেপির কোর কমিটির বৈঠক সম্পর্কে বলেছেন যে, এর সঙ্গে বাংলার উন্নয়নের কোনো সম্পর্ক নেই।

(বাইট- কুণাল ঘোষ )

**********************

কংগ্রেস, রাজ্য বিধানসভার চলতি অধিবেশনে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবিরের মন্তব্য সাম্প্রদায়িক বলে উল্লেখ করে এর প্রতিবাদ জানিয়েছে। দলের দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির সভাপতি প্রদীপ প্রসাদের নেতৃত্বে গতকাল ভবানীপুরে মিছিল হয়। ঐ দুজনের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করা হয়েছে বলে প্রদীপ প্রসাদ জানিয়েছেন।

**********************

সুপ্রিম কোর্টে আজ RG KAR মামলার শুনানি রয়েছে। নিহত চিকিৎসক ছাত্রীর পরিবারের আবেদনের ভিত্তিতে প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার বেঞ্চে এই শুনানি হবে। মৃতার বাবা-মা CBI তদন্তের গতিপ্রকৃতি নিয়ে অসন্তোষ প্রকাশ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিলেন। মূলত CBI তদন্তে গাফিলতির অভিযোগ নিয়েই তাঁরা দৃষ্টি আকর্ষণ করেছিলেন।

CBI দোষী সঞ্জয় রায়ের ফাঁসির আবেদন জানিয়েছিল কলকাতা হাইকোর্টে। যদিও নির্যাতিতার বাবা-মা সঞ্জয়ের ফাঁসির পক্ষে নয় বলে আদালতে জানিয়েছিলেন।

**********************

কলকাতা হাইকোর্টের বিচারপতি জয়মাল্য বাগচী আজ সুপ্রিম কোর্টের বিচারপতি হিসাবে শপথ নেবেন। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না তাঁকে শপথবাক্য পাঠ করাবেন। উপস্থিত থাকবেন শীর্ষ আদালতের অন্য বিচারপতিরাও।

৬ মার্চ সুপ্রিম কোর্টের কলেজিয়াম, বিচারপতি বাগচীর নাম শীর্ষ আদালতের জন্য সুপারিশ করে। গত সোমবার বিজ্ঞপ্তি প্রকাশ করে আইন মন্ত্রক জানায়, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সুপ্রিম কোর্টের বিচারপতি হিসাবে নিযুক্ত করেছেন বিচারপতি বাগচীকে। শীর্ষ আদালতে তাঁর কার্যকালের মেয়াদ হবে ৬ বছরের।

**********************

হুগলীর ধনেখালি থানা এলাকার তেলের পাড়ায়, গতকাল বিকেলে কালভার্টের স্ল্যাব ভেঙ্গে দুই শ্রমিকের মৃত্যু হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, DVC ক্যানেলের ওপরে কালভার্ট তৈরীর সময় এই দুর্ঘটনা ঘটে। স্লাবের তলায় চাপা পড়ে যান দুই শ্রমিক। এদের মধ্যে বছর ৪১-এর শ্যামাপদ বাউরি বর্ধমানের এবং বছর ৬৫-র প্রসাদ চন্দ্র জানা সাগর থানা এলাকার বাসিন্দা। তাঁদের হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।

**********************

উত্তর ২৪ পরগনার মাইকেল নগরে পথ দুর্ঘটনায় গতরাতে এক মহিলা সহ দুজন প্রাণ হারিয়েছেন। বারাসাত গামী একটি বাস মাইকেল নগর স্টপেজে যাত্রী তোলা- নামানোর সময় পেছন থেকে একটি লরি এসে সেটিতে ধাক্কা দেয়। গুরুতর জখম অবস্থায় দুই যাত্রী এবং লরির চালককে নিকটবর্তী হাসপাতালে নিয়ে যাওয়া হলে দুই বাসযাত্রীর মৃত্যু হয়। লরিটিকে আটক করেছে পুলিশ।

**********************

দক্ষিণ ২৪ পরগণার ফলতা বিশেষ অর্থনৈতিক অঞ্চলের দু নম্বর সেক্টরে একটি সৌর প্যানেল কারখানার গুদামে গতরাতে আগুন লাগে। সেসময় গুদামটিতে রাতের শিফটের কাজ চলছিল।

খবর পেয়ে দমকলের পাঁচটি ইঞ্জিন আগুন নেভানোর কাজ শুরু করে। গুদামের বাইরে রাখা কার্বাইডে বিষ্ফোরণের ফলে আগুন ছড়িয়ে পড়ে বলে দমকলের প্রাথমিক অনুমান। আজ ভোরে আগুন নিয়ন্ত্রণে এসেছে।

**********************

মালদার ইংরেজ বাজার থানা এলাকায় পুরাটুলিতে শনিবার রঙ খেলাকে কেন্দ্র করে গোলমালের মধ্যে একজনের গুলিবিদ্ধ হবার ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত উত্তম মন্ডল ওরফে বোল্লা-কে গ্রেফতার করেছে। আটক করা হয়েছে আরো একজনকে। শুভ দাস নামে ঐ যুবক স্থানীয় বাসিন্দা। বচসার মধ্যে গুলি চললে বিপ্লব ঘোষ নামে একজন আহত হন। তার হাতে গুলি লাগে।

***********************

শিয়ালদা ষ্টেশন থেকে এক অস্ত্র পাচারকারীকে গ্রেফতার করেছে কলকাতা পুলিশের STF । হাসান শেখ নামে মালদার বাসিন্দা ঐ ব্যক্তি 'হাটেবাজারে এক্সপ্রেস' থেকে স্টেশনে নামতেই পুলিশ কর্মীরা তাকে পাকড়াও করেন। উদ্ধার হয়েছে ছটি আগ্নেয়াস্ত্র ও আট রাউন্ড কার্তুজ। অস্ত্রগুলি বিহারের তৈরী বলে মনে করা হচ্ছে।

ধৃত হাসান শেখকে আজ আদালতে তোলা হবে।

***********************

রাজ্যের কয়েকটি জেলায় গত সন্ধ্যায় ঝড় বৃষ্টির প্রেক্ষিতে তাপপ্রবাহ থেকে কিছুটা স্বস্তি মিললেও আগামী দুদিন তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। তবে ১৮ তারিখের পর তাপমাত্রা কিছুটা হ্রাসের সম্ভাবনা বলে জানিয়েছেন আবহবিদ সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

( বাইট- সৌরিশ বন্দ্যোপাধ্যায়)

এদিকে, গতসন্ধ্যায় বাঁকুড়ার বেশ কিছু জায়গায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি ও শিলাবৃষ্টির খবর মিলেছে। পূর্ব বর্ধমান, উত্তর ২৪ পরগণা, হাওড়া, মেদিনীপুরের বেশ কিছু জায়গাতেও গতকাল দু'এক পশলা বৃষ্টি হয়েছে।

উত্তরবঙ্গের বেশির ভাগ জেলাতেই রয়েছে বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে এক দশমিক ৬'ডিগ্রি বেশী।

সর্ব্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

***********************

কোল ইন্ডিয়ার উদ্যোগে ‘অল ইন্ডিয়া পাবলিক সেক্টর’ হকি প্রতিযোগিতা আজ সল্টলেকের সাই কমপ্লেক্সে শুরু হবে। স্টিল অথরিটি, ন্যাশ্যানাল অ্যালুমিনিয়াম, ইউনিয়ন ব্যাংক, কানাড়া ব্যাংক, FCI এবং আয়োজক ‘কোল ইন্ডিয়া’ সহ ছয়টি দল এতে অংশ নেবে। চারদিনের এই প্রতিযোগিতার ফাইনাল হবে বিশে মার্চ।

*********************************************************************